2672 I 2673

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

एक हज़ार रुपये ONE THOUSAND RUPEES

रु.1000 Rs.1000

सत्यमेव जयते

INDIA

E 437228

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

*Certified that the Endorsement Sheet's and the Signature Sheet's attached to this documents are part of the Document.*

ADDITIONAL DISTRICT SUB REGISTRAR
RANIGANJ, BURDWAN (W.B)

15 JUN 2015

Veena Kumari alias Jyoti Chawla.

## দানপত্র দলিল

থানা - অন্ডাল, অন্ডাল গ্রাম পঞ্চায়েত-এর অধীন মৌজা - অন্ডাল,

পরিমান - ৪২ শতক, বাজার মূল্য ২০,০৯,১৪০/- টাকা

Veena Kumari alias Jyoti Chawla.

**দানপত্র গ্রহিতা ঃ-**

অশোক কুমার পিতা স্বর্গীয় বাসদেও প্রসাদ, জাতি-হিন্দু, ভারতীয় নাগরিক, পেশা - ব্যবসা, সাকিম - অন্ডাল মোড়, পোষ্ট ও থানা - অন্ডাল, এ.ডি.এস.আর অফিস - রানীগঞ্জ, মহকুমা-দুর্গাপুর, জেলা - বর্ধমান, পিন-৭১৩৩২১।

**দানপত্র দাত্রী ঃ-**

**শ্রীমতি বীণা কুমারী ওরফে জ্যোতি চাওলা** স্বামী শ্রী প্রতাপ চাওলা, জাতি-হিন্দু, ভারতীয় নাগরিক, পেশা - গৃহস্থালী, সাকিম - অন্ডাল মোড়, পোষ্ট ও থানা - অন্ডাল, এ.ডি.এস.আর অফিস - রানীগঞ্জ, মহকুমা-দুর্গাপুর, জেলা - বর্ধমান, পিন-৭১৩৩২১। পিতা - স্বঃ বাসদেও প্রসাদ।

কস্য শুভ দানপত্র মিদং কার্য্যাঞ্চাগে। নিম্নের তপশীলে বর্ণিত সম্পত্তি আমার গত ইং ১৯৯০ সালে রানীগঞ্জ এ.ডি.এস.আর. অফিসে রেজিস্ট্রীকৃত ১১৮৯ নং কোবালা দলিল মূলে খরিদা স্বত্বীয় দখলীয় নিজ খাস দখলীয় সম্পত্তি হইতেছে এবং হাল সেটেলমেন্ট রেকর্ডে আমার নিজনাম যথাযথভাবে লিপিবদ্ধ করাইয়া অদ্যতক তাহাতে মালিক ও দখলীকার স্বরূপে সর্বসাধারণের জ্ঞাতসারে নির্বিবাদে ভোগদখল করিয়া আসিতেছি। আপনি দলিল গ্রহিতা এবং আমি দলিল দাত্রী আমরা উভয়েই একই পিতার ঔরসজাত ও একই মাতার গর্ভজাত সন্তান হইতেছি এবং আপনি আমার সহোদর জ্যেষ্ঠ ভ্রাতা হইতেছেন। আপনি আমাকে যথেষ্ট স্নেহ করেন। আপনার স্নেহ ভালবাসায় আমি পরম প্রীত হইয়া নিম্নে তপশীলে বর্ণিত সম্পত্তি আপনাকে দান করিবার ইচ্ছা প্রকাশ করায় এবং আপনিও

Veena Kumari
alias Jyoti Chawla

অত্র দলিলে ১ (ক) নং যুক্ত ১টি অতিরিক্ত কাগজে দাত্রী ও গ্রহিতার প্রত্যেক্যের পাসপোর্ট সাইজ ছবি ও দুইহাতের প্রতিটি আঙুলের ছাপ প্রত্যয়ন করা রহিল যাহা মূল দলিলের একাংশ বলিয়া গণ্য হইবে।

দলিল লেখক ও প্রস্তুতকারক ঃ- দলিল, রেকর্ড দৃষ্টে ও দাত্রীর কহতমতে দানপত্র দলিলখানি প্রস্তুত করিলাম এবং পাঠ করিয়া শুনাইয়া দলিলের মর্ম অবগত করাইলাম।

সাক্ষী

১। Dipu Das
S/o Jagannath Das
Ramprasadpur, Andal

২।

দলিল টাইপকারক ঃ-

Veena Kumari alias Jyoti Chawla.

এতদর্থে সুস্থ চিত্তে সরল মনে স্বেচ্ছায় সজ্ঞানে অন্যের বিনাপত্ত্যে অদ্য অত্র দানপত্র দলিল আপনার নাম বরাবর সম্পাদন করিয়া দিলাম। ইতি ১৪২২ সন, ১৩ই জ্যৈষ্ঠ, ইং তাং ২৮/০৫/২০১৫।

<u>তপশীল</u>

জেলা-বর্ধমান, থানা-অন্ডাল, মহকুমা - দুর্গাপুর, এ.ডি.এস.আর অফিস - রানীগঞ্জ, সামীল জে.এল. নং ৫২ মৌজা - অন্ডাল মধ্যে খতিয়ান নং ২৯৩০ , ৫৭, এল.আর. খতিয়ান নং ৩৪২৫ (চৌত্রিশ শত পঁচিশ)। জমিদার পশ্চিমবঙ্গ সরকার পক্ষে বি.এল.এ্যান্ড.এল.আর.ও - অন্ডাল, জেলা-বর্ধমান।

দাগ নং - ২৭৭৯ (সাতাশ শত ঊনআশি) ডাঙ্গা পরিমান ৪২ (বিয়াল্লিশ) শতক ভূমি আপনাকে দান করিলাম। রায়ত দখলী স্বত্ব। কাতজমা বার্ষিক ধার্য্যমত আদায় দিবেন। উক্ত সম্পত্তি কৃষিকার্য্যে ব্যবহৃত হইবে। উক্ত সম্পত্তি কোন সরকারী অধিগৃহীত ভূমির অন্তর্ভুক্ত নহে।

**চৌহদ্দি ঃ-**

উত্তরে - ২৭৬০ নং ও ২৭৮৩ নং দাগের ভূমি;

দক্ষিণে - ২৭৭৯ নং দাগের ভূমি

পূর্বে - অত্র দাগের সাব প্লট নং ৫

পশ্চিমে - অত্র দাগের সাব প্লট নং ৭

Veena Kumari alias Jyoti Chawla

আমার শ্রদ্ধার দান গ্রহণ করিতে সম্মত হওয়ায় অদ্য অত্র দানপত্র দলিল আপনার নাম বরাবর সম্পাদন করিয়া দিয়া স্বীকার, অঙ্গীকার এবং প্রচার ও প্রকাশ করিতেছি যে নিম্নে তপশীল বর্ণিত সম্পর্ত্তিতে অদ্যতক আমার যে প্রকারের স্বত্ব স্বামিত্ব লভ্য দখলাধিকারাদি যাহা কিছু ছিল ও আছে তদ সমস্ত স্বত্বাদি এক্ষণে আমাকে চিরতরে লোপ ও রহিত হইয়া সম্যক স্বত্বাদি আপনার অনুকুলে অর্শিল ও বর্ত্তিল। আপনি অদ্য হইতে তপশীলে বর্ণিত দানীয় সম্পত্তির সর্ব্বপ্রকার নিব্যূঢ় স্বত্বের মালিক ও দখলীকার স্বরূপে সম্পত্তি আইন মোতাবেক যেকোন রূপে যেকোন কার্য্যে ব্যবহার ও নিয়োগ করিয়া ও সরকার প্রাপ্য রাজস্বাদি প্রতি সন সন আপনার নিজ নামে আদায় দিয়া ও চেক দাখিলাদি গ্রহণ করিয়া সরকারের জমিদারী বিভাগে আমার নাম খারিজ মতে আপনার নিজ নাম পত্তন করাইয়া তপশীলে বর্ণিত সম্পত্তি দান বিক্রয় ইত্যাদি বিবিধ প্রকার হস্তান্তরাদি করনাদির ক্ষমতাযুক্তে পুত্র পৌত্রাদি মায় ওয়ারিশন ও স্থলাভিষিক্ত গনক্রমে যদেচ্ছাভাবে চিরকাল পরম সুখে ভোগ দখল করিতে থাকুন। তাহাতে আমি মায় আমার অপর কোন ওয়ারিশন কেহ কখনো কস্মিনকালে কোন প্রকার ওজারপত্ত্য বা দাবী দাওয়া করিতে পারিবে না ও করিবে না এবং করিলেও তাহা সর্ব্বস্থানে সর্ব্বআদালতে বাতিল ও নামঞ্জুর হইবে। তপশীল বর্ণিত সম্পত্তি সম্পূর্ন নির্দ্দায় ও মুক্তাবস্থায় আপনাকে দান করিলাম। তপশীলে বর্ণিত দানীয় সম্পত্তির আনুমানিক মূল্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ধার্য্য হইল।

# হস্তাঙ্গুলীর টিপ ছাপ ও ফটো/Fingers Print & Photo

| | | | | | |
|---|---|---|---|---|---|
| বাম হাত Left Hand | | | | | |
| | বৃদ্ধাঙ্গুল Thums | তর্জনী 1st Finger | মধ্যমা Middle | অনামিকা Ring | কনিষ্ঠা Small Finger |
| ডান হাত Right Hand | | | | | |



[illegible]

উপরের ছবি ও টিপগুলি আমার দ্বারা প্রত্যায়িত হইল।
Pass port size photograph & Finger print of both hands attested by me

স্বাক্ষর
Signature [illegible]

| | | | | | |
|---|---|---|---|---|---|
| বাম হাত Left Hand | | | | | |
| | বৃদ্ধাঙ্গুল Thums | তর্জনী 1st Finger | মধ্যমা Middle | অনামিকা Ring | কনিষ্ঠা Small Finger |
| ডান হাত Right Hand | | | | | |



Veena Kumari alias Jyoti Chawla.

উপরের ছবি ও টিপগুলি আমার দ্বারা প্রত্যায়িত হইল।
Pass port size photograph & Finger print of both hands attested by me

স্বাক্ষর
Signature Veena Kumari alias Jyoti Chawla.

| | | | | | |
|---|---|---|---|---|---|
| বাম হাত Left Hand | | | | | |
| | বৃদ্ধাঙ্গুল Thums | তর্জনী 1st Finger | মধ্যমা Middle | অনামিকা Ring | কনিষ্ঠা Small Finger |
| ডান হাত Right Hand | | | | | |

ফটো

উপরের ছবি ও টিপগুলি আমার দ্বারা প্রত্যায়িত হইল।
Pass port size photograph & Finger print of both hands attested by me

স্বাক্ষর
Signature

| | | | | | |
|---|---|---|---|---|---|
| বাম হাত Left Hand | | | | | |
| | বৃদ্ধাঙ্গুল Thums | তর্জনী 1st Finger | মধ্যমা Middle | অনামিকা Ring | কনিষ্ঠা Small Finger |
| ডান হাত Right Hand | | | | | |

ফটো

উপরের ছবি ও টিপগুলি আমার দ্বারা প্রত্যায়িত হইল।
Pass port size photograph & Finger print of both hands attested by me

স্বাক্ষর
Signature